# বাংলাদেশ নৌবাহিনী

# ২০১৮-বি অফিসার ক্যাডেট ব্যাচ




### বিদেশ প্রশিক্ষণের সুযোগ

বর্তমানে **Annapolis, USA; Britannia Royal Naval College, UK; Dalian Naval Academy, China; CFLS, DET-Saint Jean, Canada; General Sir John Kotelawala Defence University (KDU), Sri Lanka; Naval Academy (Tuzla) Turkey** এ বাংলাদেশ নৌবাহিনীর মেধাবী মিডশিপম্যান এবং এ্যাক্টিং সাব লেফ্‌টেন্যান্ট প্রশিক্ষণরত আছে।

## উপযুক্ততা

১। বয়স। ০১ জুলাই ২০১৮ তারিখে ১৬ $\frac{১}{২}$ বছর হতে ২১ বছর (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছর) এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। শারীরিক মান (ন্যূনতম) পুরুষ।

| | পুরুষ | মহিলা |
|---|---|---|
| ক। উচ্চতা | : ১৬২.৫ সেঃ মিঃ (৫'-৪") | ১৫৫ সেঃ মিঃ (৫'-১") |
| খ। ওজন* | : ৫০ কেজি | ৪৬ কেজি |
| গ। বুকের মাপ | : স্বাভাবিক ৭৬ সেঃ মিঃ (৩০") | স্বাভাবিক ৭১ সেঃ মিঃ (২৮") |
| | : সম্প্রসারিত ৮১ সেঃ মিঃ (৩২") | সম্প্রসারিত ৭৬ সেঃ মিঃ (৩০") |

* (উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্রবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে)

৩। শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।

ক। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান বিভাগে)/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়ে উত্তীর্ণ। উভয় পরীক্ষায় গণিত ও পদার্থবিজ্ঞানে ন্যূনতম জিপি ৪.০০ প্রাপ্ত হতে হবে। **অথবা,**

খ। ইংরেজি মাধ্যমের প্রার্থীগণের জন্য 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৩টিতে A গ্রেড ও ২টিতে B গ্রেড থাকতে হবে এবং 'এ' লেভেলের জন্য ন্যূনতম ২টি বিষয়ে B গ্রেড পেয়ে উত্তীর্ণ (উভয় পরীক্ষায় পদার্থবিজ্ঞান ও গণিতসহ)। **অথবা,**

গ। সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের নৌবাহিনীর উচ্চমান পরীক্ষা (এইচইটি) বা সমমানের বাংলাদেশ সেনাবাহিনী এবং বাংলাদেশ বিমান বাহিনী পরীক্ষায় উত্তীর্ণ।

ঘ। **শুধুমাত্র সরবরাহ শাখার** জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (ব্যবসায় শিক্ষা শাখা) পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়ে উত্তীর্ণ এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় হিসাববিজ্ঞান ও ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা বিষয়ে ন্যূনতম জিপি ৪.০০ প্রাপ্ত হতে হবে।

(২০১৮ সালের এইচএসসি পরীক্ষার্থীগণও আবেদন করতে পারবেন)

৪। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত পুরুষ ও মহিলা।

৫। জাতীয়তা ঃ বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিক।

## অযোগ্যতা

৬। সেনা, নৌ ও বিমান বাহিনী অথবা যে কোন সরকারি চাকুরী হতে বরখাস্ত কিংবা অপসারিত হলে।

৭। আইএসএসবি কর্তৃক দুইবার স্ক্রিন্ড আউট/ প্রত্যাখ্যাত হলে।

৮। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হলে।

৯। যে কোন বিচারালয় হতে দন্ডপ্রাপ্ত হলে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং এক নামে একাধিক আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

## মনোনয়ন পদ্ধতি

১১। প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার। ঢাকা, চট্টগ্রাম ও খুলনা কেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার ১৮-২১ ডিসেম্বর ২০১৭ (পরিবর্তনযোগ্য) তারিখে অনুষ্ঠিত হবে।

১২। লিখিত পরীক্ষা। প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় ও প্রাথমিক সাক্ষাৎকারে উপযুক্ত বিবেচিত প্রার্থীগণের বুদ্ধিমত্তা এবং ইংরেজি ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষা ২২ ডিসেম্বর ২০১৭ (পরিবর্তনযোগ্য) তারিখে উল্লিখিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

১৩। আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি), ঢাকা সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হবে।

১৪। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা। আইএসএসবি কর্তৃক নির্বাচিত প্রার্থীগণকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার জন্য ঢাকা সেনানিবাসস্থ বিএনএস হাজী মহসীনে উপস্থিত হতে হবে।

১৫। চূড়ান্ত মনোনয়ন পর্ষদ। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত প্রার্থীগণের নৌ সদর কর্তৃক চূড়ান্ত মনোনয়ন পর্ষদ কার্যক্রম মে ২০১৮ এর মধ্যে অনুষ্ঠিত হবে।

১৬। নেভাল একাডেমিতে যোগদান। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণ জুন ২০১৮ এর দ্বিতীয় সপ্তাহে বাংলাদেশ নেভাল একাডেমি, পতেঙ্গা, চট্টগ্রামে অফিসার ক্যাডেট হিসেবে যোগদান করবেন।

## প্রশিক্ষণ/কমিশন

১৭। বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ১০ সপ্তাহের প্রশিক্ষণসহ বাংলাদেশ নেভাল একাডেমিতে অফিসার ক্যাডেট হিসেবে ২৪ মাস এবং মিডশিপম্যান হিসেবে ১২ মাসসহ মোট ০৩ বছর মেয়াদী আন্তর্জাতিক মানের প্রশিক্ষণশেষে বাংলাদেশ নৌবাহিনীতে 'সাব লেফ্‌টেন্যান্ট' পদে নিয়মিত কমিশন প্রদান করা হবে। একাডেমিতে পেশাগত প্রশিক্ষণের পাশাপাশি এক্সিকিউটিভ শাখার ক্যাডেটদের মেরিটাইম সায়েন্স বিষয়ে বিএসসি (অনার্স) এবং সাপ্লাই শাখার ক্যাডেটদের বিবিএ ডিগ্রি BUP হতে প্রদান করা হবে। ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রিক্যাল শাখার ক্যাডেটদের BUET/MIST হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রদান করা হবে।

## বেতন ও ভাতা

১৮। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেটগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন। পরবর্তীতে মিডশিপম্যান হিসেবে পদোন্নতির পর উচ্চতর স্কেলে বেতন প্রাপ্ত হবেন।

## অন্যান্য বিশেষত্ব

১৯। ক্যারিয়ার। বৈচিত্র্যময় ও রোমাঞ্চকর একমাত্র নেভাল ক্যারিয়ারেই রয়েছে সি (আধুনিক যুদ্ধজাহাজ ও সাবমেরিন), এয়ার (নেভাল এভিয়েশান) এবং ল্যান্ড (স্পেশাল নেভাল ফোর্স/ নৌ কমান্ডো) এ তিনটি মাধ্যমেই চাকুরীর সুযোগ।

২০। বিদেশে প্রশিক্ষণ। প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশনপ্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণের প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।

২১। উচ্চতর প্রশিক্ষণ সুবিধা। দেশে-বিদেশে সরকারি খরচে বিভিন্ন ক্যাটাগরিতে উচ্চতর প্রশিক্ষণের (এমএসসি, এমবিএ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, এমএস ইত্যাদি) সুযোগ।

২২। জাতিসংঘ মিশন। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণ ও আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ।

২৩। বাসস্থান। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তির সুযোগ।

২৪। চিকিৎসা। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

## আবেদন ফরম সংগ্রহ ও পূরণ

২৫। অনলাইন আবেদন পদ্ধতি।

আবেদনকারী প্রার্থীগণকে **www.joinnavy.navy.mil.bd** ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর ডান পার্শ্বে **APPLY NOW** এ ক্লিক করে আবেদন পদ্ধতি অনুসরণ করতে হবে। আবেদনের শেষ পর্যায়ে অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করা যাবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমন- **VISA, Master Card** ও **American Express**) এবং মোবাইল ব্যাংকিং (যেমন- **বিকাশ, রকেট, টিবিএমএম, শিওরক্যাশ, এমক্যাশ, মাইক্যাশ, ওয়ানক্যাশ, ইজিক্যাশ, কিউক্যাশ, নেক্সাস, এ্যামেক্স**) ইত্যাদির মাধ্যমে চার্জ ব্যতিত ৭০০/- (সাতশত) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে। এছাড়া বাংলাদেশের যেকোন ব্যাংক হতে 'বিএন রিক্রুটমেন্ট ফান্ড' ট্রাস্ট ব্যাংক লিঃ, প্রিন্সিপাল ব্রাঞ্চ এর অনুকূলে আবেদন ফি জমা দিয়ে পে-অর্ডার সংগ্রহ করে অনলাইনে আবেদন করা যাবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সাথে সাথে প্রার্থীকে প্রাথমিক সাক্ষাৎকারের জন্য কল-আপ লেটারসহ Form Commission-1A ও Personal Information Form ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে প্রাথমিক সাক্ষাৎকারের সময় অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সঙ্গে আনতে হবে। যদি কোন প্রার্থী উক্ত কল-আপ লেটার ও Form ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে নাম, রোল নাম্বার ও Tracking নাম্বার প্রদান করা হবে (পে-অর্ডারের মাধ্যমে আবেদনকারী ব্যতিত) যা পরবর্তীতে ব্যবহার করে একই ওয়েবসাইট হতে ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

২৬। ম্যানুয়াল আবেদন পদ্ধতি।

বাংলাদেশের যেকোন ব্যাংক হতে "বিএন রিক্রুটমেন্ট ফান্ড" ট্রাস্ট ব্যাংক লিঃ, প্রিন্সিপাল ব্রাঞ্চ, ঢাকা এর অনুকূলে ৭০০/০০ (টাকা সাতশত মাত্র) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ মানিরিসিপ্ট সংগ্রহ করা যাবে। ম্যানুয়ালি ফরম পূরণের ক্ষেত্রে উক্ত পে-অর্ডার/ মানিরিসিপ্ট নিম্নের যেকোন ঠিকানায় দেখিয়ে আবেদনপত্র ফরম (Form Commission-1A) সংগ্রহ করা যাবে এবং পে-অর্ডার/ মানিরিসিপ্টটি পরবর্তীতে ফরম (Form Commission-1A) এর সাথে জমা দিতে হবেঃ

ক। সেন্ট্রাল লাইব্রেরি, নৌ সদর দপ্তর এলাকা, বনানী, ঢাকা ১২১৩।
খ। নৌবাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও মাদারীপুর।
গ। বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা ৯০০০।
ঘ। ঢাকা, চট্টগ্রাম ও খুলনাস্থ নৌবাহিনী কলেজসমূহ (ছাত্র-ছাত্রীদের জন্য)।
ঙ। নেভী এ্যাংকরেজ খুলনা ও বিএন ইংলিশ স্কুল এন্ড কলেজ খুলনা (ছাত্র-ছাত্রীদের জন্য)।
চ। ষ্টেশান হেডকোয়ার্টার্স বগুড়া সেনানিবাস, বগুড়া ৫৮০০।
ছ। ক্যাডেট কলেজসমূহ (কেবলমাত্র ক্যাডেট কলেজের ক্যাডেটদের জন্য)।
জ। মিলিটারি কলেজিয়েট স্কুল, খুলনা (কেবলমাত্র প্রতিষ্ঠানটির ক্যাডেটদের জন্য)।
ঝ। সদর দপ্তর, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, ৩২ ঈশা খাঁ এভিনিউ, সেক্টর ৬, উত্তরা মডেল টাউন, ঢাকা ১২৩০।
ঞ। সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) অফিসসমূহ।

## আবেদনপত্র প্রেরণ/ জমা প্রদান

২৭। ফরম (Form Commission-1A) (অনলাইনে আবেদন ব্যতীত)। যথাযথভাবে পূরণপূর্বক বিজ্ঞাপনে প্রদত্ত নির্ধারিত তারিখের মধ্যে নিম্নেবর্ণিত নথি/ ছবিসহ নিম্নের ঠিকানায় জমা দিতে হবে ঃ

ক। ছবি। সম্প্রতি তোলা রঙিন ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ফরম (Form Commission-1A) এর সাথে সংযুক্ত করতে হবে।

খ। পে-অর্ডার/ মানিরিসিপ্ট। ম্যানুয়াল ফরম পূরণের ক্ষেত্রে ফরমটি পাঠানোর পূর্বে ট্রাস্ট ব্যাংক/ বুথ হতে প্রেরিত মানিরিসিপ্ট অথবা অন্য কোন ব্যাংক হতে প্রাপ্ত পে-অর্ডারটি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

গ। টিকেট সম্বলিত খাম। প্রাপকের স্থানে নিজ ঠিকানা লিখিত ১০" x ৪" (ইঞ্চি) সাইজের টাকা ৮.০০ (টাকা আট মাত্র) এর অব্যবহৃত ডাক টিকেট লাগানো একটি খাম।

২৮। প্রয়োজনীয় কাগজপত্র সংযোজন। ম্যানুয়াল প্রার্থীরা যথাযথভাবে পূরণকৃত ফরমটির মূলকপি নৌসদরে প্রেরণ করতে হবে ও ফটোকপিসহ নিম্নবর্ণিত সনদপত্রসমূহ সংযোজন করে প্রাথমিক সাক্ষাৎকারের সময় সঙ্গে নিয়ে আসবে। অনলাইনে পূরণকারী প্রার্থীগণ ফরমটি প্রিন্টকরতঃ নিম্নবর্ণিত সনদপত্রসমূহ সংযোজন করে প্রাথমিক সাক্ষাৎকারের সময় জমা দিবে ঃ

ক। সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি।
খ। শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও মার্কশিট এর ফটোকপি।
গ। স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র।
ঘ। ব্যাংক হতে প্রাপ্ত পে-অর্ডারটি ফরমের সাথে সংযুক্ত করতে হবে (পে-অর্ডারের মাধ্যমে আবেদনকারী প্রার্থীর জন্য)।

## বিশেষ নির্দেশাবলী

২৯। ম্যানুয়াল প্রার্থীদের নিকট যথাসময়ে যোগ্য আবেদনকারীগণের নিকট কল-আপ লেটার প্রেরণ করা হবে।

৩০। নিম্নের পর্যায়ভুক্ত প্রার্থীগণ সরাসরি আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকারে অংশগ্রহণ করবেন ঃ

ক। ক্যাডেট কলেজসমূহ ও মিলিটারি কলেজিয়েট স্কুল ফুলতলা, খুলনা (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্যাডেটদের জন্য)। খ। বিএনসিসি, নৌ রোভার, নেভী এ্যাংকরেজ খুলনা, বিএন ইংলিশ স্কুল এন্ড কলেজ খুলনা এবং বিএন কলেজসমূহের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ প্রাপ্ত প্রার্থীগণ যারা প্রচলিত পলিসি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সুপারিশকৃত হবেন। গ। ন্যাশনাল কারিকুলাম (বাংলা/ইংরেজি) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) প্রাপ্ত প্রার্থীগণ নৌবাহিনী কর্তৃক প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে। ঘ। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৪টিতে A গ্রেড ও ২টিতে B গ্রেড এবং 'এ' লেভেলে ন্যূনতম ১টিতে A গ্রেড ও অন্যগুলোতে B গ্রেড (উভয় পরীক্ষায় পদার্থবিজ্ঞান ও গণিত থাকতে হবে) প্রাপ্ত প্রার্থীগণ বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে।

৩১। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্যাডেট নির্বাচনের জন্য সকল শর্ত পূরণ সাপেক্ষে অগ্রাধিকার থাকবে।

৩২। আইএসএসবি ব্যতীত অন্যান্য পরীক্ষার জন্য দৈনিক/ ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

৩৩। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩৪। চোখের ক্ষেত্রে আইএসএসবি হতে নির্বাচিত হওয়ার পর চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার ন্যূনতম ৬ মাস পূর্বে ল্যাসিক চিকিৎসা গ্রহণযোগ্য।

৩৫। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে।

৩৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদান পত্র প্রদান/বাতিলের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে।

### আবেদনপত্র প্রেরণের ঠিকানা

পরিচালক
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুনঃ
ফোনঃ (০২) ৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫, হেল্প লাইন : ০১৭৬৯৭০২২১৫

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ১০ ডিসেম্বর ২০১৭**

**বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দিতে ভিজিট করুন ঃ www.joinnavy.navy.mil.bd**